দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট ও ...
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 2 JUN 1989
পৃষ্ঠা 3 কলাম

96

## রমনা রেলওয়ে বিদ্যালয়ের জন্য বিকল্প জায়গা বরাদ্দের দাবী

বাংলাদেশের কম্যুনিষ্ট পার্টির ঢাকা মহানগর কমিটি রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়টি স্থানান্তরের কোন ব্যবস্থা না করিয়াই অকশন নোটিসের মাধ্যমে উহা বিক্রয় করার উদ্যোগের নিন্দা করিয়াছে। সংগঠনের এক প্রেস বিজ্ঞপ্তিতে অবিলম্বে স্কুলটির জন্য

(১০ম পৃঃ দ্রঃ)

## রমনা রেলওয়ে বিদ্যালয়

(৩য় পৃঃ পর)

বিকল্প ব্যবস্থা ও জায়গা বরাদ্দের দাবী জানান হয়।

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি মুহম্মদ শামসুল ইসলাম এবং মহাসচিব আমিনুল ইসলাম এক বিবৃতিতে বিকল্প ব্যবস্থা না করিয়া রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়টিকে বিক্রয়ের জন্য নিলাম আহ্বানের নিন্দা করিয়াছেন।

বাংলাদেশ গৃহশিক্ষক সমিতির সভাপতি মোঃ সোলায়মান মিয়া ও সাধারণ সম্পাদক আবুল কালাম এক যুক্ত বিবৃতিতে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের পাঁচ-ছয় শত ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকার ভবিষ্যৎ চিন্তা না করিয়া বিক্রয়ের জন্য উহা নিলাম আহ্বানে নিন্দা করিয়াছেন।

বঙ্গবীর ওসমানী গবেষণা সংসদের মহাসচিব সৈয়দ আজগর আলী এবং যুগ্ম মহাসচিব শেখ আবুল কালাম এক যুক্ত বিবৃতিতে ওসমানী উদ্যানের পশ্চিম কোণে অবস্থিত রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয় বিক্রয়ের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ করিয়াছেন।

বিপ্লবী ছাত্র আন্দোলনের ভারপ্রাপ্ত সভাপতি দেবাশিষ পোদ্দার বাপপী ও সাধারণ সম্পাদক জাকির মোস্তাফিজ মিলু এক বিবৃতিতে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয় উচ্ছেদের সিদ্ধান্তকে শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে একটি ষড়যন্ত্র বলিয়া উল্লেখ করিয়াছেন। তাহারা অবিলম্বে সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।